165

দৈনিক ইনকিলাব

তারিখ ... MAR. 7 1999
পৃষ্ঠা ৩ কলাম ৮ .....

# ৬ বছর পর খুলনা বিএল কলেজের ছাত্র রাজনীতিতে আরোপিত নিষেধাজ্ঞা শিথিল

**খুলনা ব্যুরো ঃ** দীর্ঘ ৬ বছর পর খুলনার বিএল বিশ্ববিদ্যালয় কলেজ ক্যাম্পাসে নিষিদ্ধ ঘোষিত রাজনীতি শিথীল করা হয়েছে। ১৯৯৩ সালের ২০ সেপ্টেম্বর বিএল কলেজে একটি সহিংস ঘটনায় ছাত্র সংসদের জিএস মুন্সি আব্দুল হালিম ও রহমত নামে দু'জন ছাত্রনেতার মৃত্যুর পর কলেজ-ক্যাম্পাসে মিটিং-মিছিল ক্যাম্পিংসহ সকল প্রকার রাজনৈতিক তৎপরতা নিষিদ্ধ ঘোষণা করা হয়। নিষেধাজ্ঞা শিথিল করায় বিভিন্ন রাজনৈতিক সংগঠনের পক্ষ থেকে অভিনন্দন জানানো হয়েছে।